

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (২) প্রস্তুতকৃত Specification.
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.১৬২.২০২৬.১১২২ তারিখঃ ০৭/০৪/২০২৬ইং।
- (৪) R.I Enterprise হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ০৮/০৪/২০২৬ইং।
- (৫) M/S. Ayesha Enterprise হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ০৮/০৪/২০২৬ইং।
- (৬) M/S Al Hasib Engineering & Technology হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ০৯/০৪/২০২৬ইং।
- (৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৮) পূর্বানুমোদিত দরের কপি।
- (৯) ব্যয় প্রাক্কলন প্রণয়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Procurement of spare parts such as lubricating pump, seal, level sensor for plunger pump of Dasherbandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৯ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।


০২। আলোচ্য দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Sludge Drying and Incineration Plant (SDIP) এর মাধ্যমে বর্তমানে প্রতিদিন প্রায় 300-350m³ স্লাজ Incineration করা হয়। উল্লেখ্য, আলোচ্য Sludge Drying and Incineration Plant (SDIP) এর স্লাজ Incineration করার ক্ষমতা 540m³/Day। Incineration এর ফলে উৎপন্ন Flue Gas, Bag Filter এর মাধ্যমে Filtering হয়ে Negative pressure তৈরী করে Main Induced Draft Fan এর মাধ্যমে Purification Plant -এ প্রেরণ করা হয়। পরবর্তীতে উক্ত Flue Gas, Purification হয়ে Air -এ Release করা হয়। Plunger pump এর Lubricating Pump চার বছর যাবত চলমান থাকার ফলে এর কর্মক্ষমতা হ্রাস পেয়েছে; যা পরিবর্তন করা প্রয়োজন। পাশাপাশি Ozone Generation Station-এর Series frequency Converter একেজো হওয়ায় Ozone Line-2 চালু করা সম্ভব হচ্ছে না। ফলে Odor দূরিকরণ ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ফলে Series frequency Converter জরুরী ভিত্তিতে মেরামত করাসহ মেরামতের জন্য প্রয়োজনীয় মালামাল PCB-001, Interface adaptor ও IGBT ক্রয় করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে অনুমোদিত Specification অনুযায়ী ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ২, ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৭দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে সর্বনিম্ন দর এবং পূর্বানুমোদিত দরের আলোকে ব্যয় প্রাক্কলন প্রণয়ন কমিটি কর্তৃক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৯দ্রঃ)। সর্বমোট প্রাক্কলিত মূল্য ২৪,৯৫,৭০০.০০ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার সাতশত টাকা) মাত্র। আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১২৯ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য “Procurement of spare parts such as lubricating pump, seal, level sensor for plunger pump of Dasherbandi STP” কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG2 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে “Procurement of spare parts such as lubricating pump, seal, level sensor for plunger pump of Dasherkanadi STP” শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2025 এর ধারা ৭৮ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ২৪,৯৫,৭০০.০০ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার সাতশত টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


20/05/2026

মোঃ কামাল উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।





20.05.2026


আসিম কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।




20/05/26

মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।






20/05/2026

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।





০৪। বহুত অনুমোদিত,


20/05/26


21/05/26

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।




21/05/2026

মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।